



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিশ্ব পরিবেশ দিবস পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৫ জুন ২০২৪খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়েছে। ৫ জুন এ দিবসটি উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় সবুজায়ন ও সৌন্দর্যবর্ধন কমিটির আয়োজনে ক্যাম্পাস প্রাঙ্গণে বৃক্ষ রোপন করা হয়েছে। সরকারের পক্ষ থেকে দেওয়া শ্লোগান

“এ বছর ‘করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা’ প্রতিপাদ্যে বিশ্ব পরিবেশ দিবস এবং ‘বৃক্ষ দিয়ে সাজাই দেশ, সমৃদ্ধ করি বাংলাদেশ’ প্রতিপাদ্যে জাতীয় বৃক্ষরোপণ অভিযান পালন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় পরিবেশ দূষণের কারণ, দূষণরোধের উপায় খুঁজে বের করাসহ মানুষকে পরিবেশ সম্পর্কে সচেতন করতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পরিবেশ বান্ধব গাছ রোপন করে দিবসটি পালন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া।

এসময় আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি ড. মোহাম্মদ আবদুল বাতেন চৌধুরী, সাধারণ সম্পাদক ড. তারেক মাহমুদ আবীর, প্রক্টর ড. আব্দুল কাইউম, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট ড. হেনা রানী বিশ্বাস, বরিশাল বিশ্ববিদ্যালয় সবুজায়ন ও সৌন্দর্যবর্ধন কমিটির আহবায়ক মোঃ উজ্জল হোসেনসহ বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা

প্রশাসনিক কর্মকর্তা

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়